



শুরু হলো SITE-এর শিক্ষা কার্যক্রম

বাংলাদেশের প্রথম সুপার কম্পিউটার নির্মাণকারী প্রতিষ্ঠান চট্টগ্রামের মেট্রিক্স মাইক্রোসিস্টেমস সম্প্রসারিত শিক্ষা কার্যক্রমের আওতায় আমেরিকার ফ্লোরিডায় অবস্থিত সাইট-এর শিক্ষা কার্যক্রম চালু করেছে। SITE (School of Information Technology Education) পৃথিবীর অন্যতম বৃহৎ আইটি এডুকেশন সেন্টার। পৃথিবীর প্রায় ৪৭টি দেশে এর শিক্ষাকার্যক্রম চলছে।

প্রতিষ্ঠানটি ১৪টি বিভাগে বিভিন্ন ধরনের স্পেশালাইজড ডিপ্লোমা কোর্স প্রদান করছে। উল্লেখযোগ্য কোর্সগুলো হলো নেটওয়ার্ক, এডমিনিস্ট্রেশন, ই-কমার্স সল্যুশান ডেভেলপার, সফটওয়্যার ডেভেলপার, লিনাক্স সিস্টেম এডমিনিস্ট্রেটর ইঞ্জিনিয়ারিং, ওরাকল সল্যুশান ডেভেলপার ইত্যাদি।

এই ১৪টি ডিপ্লোমার প্রত্যেকটি স্বতন্ত্র মডিউলে বিভক্ত, একজন শিক্ষার্থী ইচ্ছা করলে যেকোনো একটি মডিউলে অংশগ্রহণ করতে পারেন। প্রতিটি মডিউলের সময়সীমা সর্বনিম্ন তিন মাস থেকে দশমাস, পরীক্ষায় অংশগ্রহণ পদ্ধতি হলো অনলাইন (On Line) আর মেট্রিক্স মাইক্রোসিস্টেমস এই পরীক্ষার সম্পূর্ণ খরচ বহন করে থাকে।

মেট্রিক্স মাইক্রোসিস্টেমস সাইট-এর অনুমোদন প্রাপ্ত বাংলাদেশের একমাত্র প্রতিষ্ঠান।

এই আইটি প্রতিষ্ঠানটি অন্যান্য আইটি প্রতিষ্ঠান থেকে ব্যতিক্রম। কারণ এর প্রত্যেকটি কোর্স স্পেশালাইজড। আর এই প্রতিষ্ঠানের মূল লক্ষ্য হলো আইটি খাতে দক্ষ জনশক্তি গড়ে তোলা। এই প্রতিষ্ঠানের তিনটি পর্যায় রয়েছে।

প্রথমত : প্রশিক্ষণ কার্যক্রম

দ্বিতীয়ত : সফটওয়্যার নির্মাণ।

তৃতীয়ত : হার্ডওয়্যার সেবা প্রদান।

প্রতিষ্ঠানটি কোনো তার শিক্ষার্থীদের জন্য ৬ মাসের ইন্টার্নশিপের ব্যবস্থা রেখেছে যার মাধ্যমে শিক্ষার্থীরা তাদের অর্জিত জ্ঞানকে বাস্তব ক্ষেত্রে কাজে লাগাতে পারবে। চট্টগ্রামের বেশ কয়েকটি কোম্পানি এবং বহুজাতিক কোম্পানির সফটওয়্যার তৈরি ও ডেভেলপ করেছে এই প্রতিষ্ঠান।

হার্ডওয়্যার সেবা প্রদানের লক্ষ্যে হার্ডওয়্যার সার্ভিস ও কম্পিউটার বিক্রয়ের ব্যবস্থা করেছে। বলা যায়, সারা পৃথিবীব্যাপী তথা প্রযুক্তির দক্ষ জনশক্তি গড়ে তোলার ক্ষেত্রে এটি অগ্রণী ভূমিকা পালন করছে। পৃথিবীতে প্রায় ২ লাখ লোক SITE থেকে শিক্ষাকার্যক্রম সফলভাবে শেষ করে বিভিন্ন স্বনামধন্য প্রতিষ্ঠানে কর্মরত আছেন। আর দক্ষ আইটি প্রফেশনাল তৈরির লক্ষ্যে মেট্রিক্স মাইক্রোসিস্টেমস এই শিক্ষা কার্যক্রম চালু করেছেন বলে SITE-এর কর্মকর্তারা জানিয়েছেন।